

PRINT

সমকাল

ভর্তি পরীক্ষার প্রশ্ন ফাঁস বন্ধে 'বিশেষ নজরদারি' প্রয়োজন

১১ ঘণ্টা আগে

সাক্ষির নেওয়াজ

পাবলিক বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় প্রশ্ন ফাঁস বন্ধে 'বিশেষ নজরদারি' চালু প্রয়োজন বলে মনে করে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। এ জন্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়গুলোর চ্যান্সেলরের কাছে সুপারিশ করেছে কমিশন। সুপারিশে বলা হয়, দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলোর মতো উন্নত প্রযুক্তি, কঠিন নিরাপত্তা ও গোপনীয়তা রক্ষা করে ভর্তি পরীক্ষা আয়োজন করা দরকার।

ইউজিসি সর্বশেষ ৪৪তম বার্ষিক প্রতিবেদনে রাষ্ট্রপতির কাছে এ সুপারিশ করা হয়। গত বৃহস্পতিবার এটি হস্তান্তর করা হয় রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের কাছে। চলতি সংসদ অধিবেশনে এটি উপস্থাপনের কথা রয়েছে।

প্রশ্নপত্র ফাঁসের কারণে চলতি বছর ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের (ঘ ইউনিট) ভর্তি পরীক্ষা দ্বিতীয়বারের মতো নিতে যাচ্ছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। গত ১২ অক্টোবর অনুষ্ঠিত পরীক্ষা সকাল ১০টায় শুরুর আগে ৯টা ১৭ মিনিটে প্রশ্নপত্র ফাঁস হয়ে যায়। পরীক্ষার মূল প্রশ্নপত্র যাচাই করে দেখা যায়, ফাঁস হওয়া প্রশ্নের সঙ্গে ৭২টি প্রশ্ন ও উত্তর ছবছ মিলে গেছে। পুলিশ এ ঘটনায় জড়িত অভিযোগে ছয়জনকে গ্রেফতার করে। বিষয়টি অনুসন্ধানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ সামাদকে প্রধান করে তদন্ত কমিটি গঠন করে বিশ্ববিদ্যালয় প্রশাসন। কমিটি তাদের অনুসন্ধানে প্রশ্নপত্র ফাঁসের প্রমাণ পায়। এরপরও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ১৬ অক্টোবর 'ঘ' ইউনিটের ফল প্রকাশ করে।

প্রশ্নপত্র ফাঁসসহ নানা বিষয়ে রাষ্ট্রপতির কাছে করা সুপারিশ সম্পর্কে জানতে চাইলে ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান বলেন, অ্যাপেলক্সবিডি হিসেবে ইউজিসি দেশের উচ্চশিক্ষা পরিস্থিতি সারা বছর পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ করে। সেই দৃষ্টিকোণ থেকে উচ্চশিক্ষা পরিস্থিতির ওপর একটি প্রতিবেদন তৈরি করা হয়েছে। তিনি বলেন, গত কয়েক বছরে উচ্চশিক্ষায় বড় ধরনের ইতিবাচক পরিবর্তন হয়েছে। দেশের প্রায় ৪ মিলিয়ন ছাত্রছাত্রী উচ্চশিক্ষা নিচ্ছে। একটি

জাতি এগিয়ে যাওয়ার এটা বড় নিদর্শন। তবে এই এগিয়ে যাওয়ার পথে আরও কী কী প্রতিবন্ধকতা দূর করা দরকার, সেটাই এবারের প্রতিবেদনে তুলে ধরা হয়েছে। এর মধ্যে পাবলিক বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস ঠেকানো ও মানসম্মত শিক্ষক সংকটের দিকটি বেশি গুরুত্ব দেওয়া হয়েছে।

রাষ্ট্রপতির কাছে পেশ করা ৪৯৫ পৃষ্ঠার বার্ষিক প্রতিবেদনে বলা হয়েছে, উচ্চশিক্ষার মানোন্নয়নের জন্য বিশ্ববিদ্যালয় শিক্ষকদের পৃথক বেতন স্কেল ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রদান করা যেতে পারে। এ ছাড়া শিক্ষক ও গবেষকদের জন্য আকর্ষণীয় আর্থিক সুবিধাসহ অন্যান্য চাহিদা পূরণের সুযোগ থাকতে হবে। এতে আরও বলা হয়েছে, নতুন সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের উচ্চতর পদগুলোতে স্থায়ীভাবে শিক্ষক নিয়োগ নিশ্চিতকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে। অভিজ্ঞ শিক্ষকরা যেন অপেক্ষাকৃত নবীন বিশ্ববিদ্যালয়ে পাঠদানে আগ্রহী হন, সে জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

প্রতিবেদন অনুযায়ী সার্বিকভাবে উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষক সংকট প্রকট। অনেক নতুন ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক ও সহযোগী অধ্যাপক নেই। পাঠদান করেন জুনিয়র শিক্ষকরা। সরকারি প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ছাড়া অন্যান্য সরকারি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সাধারণ বিশ্ববিদ্যালয় এবং বেসরকারি বিশ্ববিদ্যালয়ে উচ্চশিক্ষিত শিক্ষক-শিক্ষিকার অভাব দেখা দিচ্ছে। বিশেষ করে জাতীয়, উন্মুক্ত ও বিজ্ঞান প্রযুক্তিবিষয়ক নতুন সরকারি ও অধিকাংশ বেসরকারি বিশ্ববিদ্যালয়ে বিজ্ঞান ও প্রযুক্তিভিত্তিক উচ্চতর ডিগ্রিধারী শিক্ষকের সংকট বিরাজ করছে। এসব

বিশ্ববিদ্যালয়ে প্রধানত প্রভাষক ও জুনিয়র শিক্ষকদের দিয়ে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

রাষ্ট্রপতির কাছে কলেজগুলোর পাস কোর্সের আসন কমানোর সুপারিশ করে ইউজিসি আরও বলেছে, জাতীয় বিশ্ববিদ্যালয়, উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের দিকে বিশেষ দৃষ্টি দিতে হবে। এ বিশ্ববিদ্যালয়গুলোর সমস্যা ভালোভাবে চিহ্নিত করে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে। কারণ তারাই ভবিষ্যতের মানবসম্পদ তৈরিতে সবচেয়ে বেশি গুরুত্ব বহন করবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ে পাস কোর্সে ছাত্রছাত্রীরা ভর্তি হতে অনীহা প্রকাশ করছে, ফলে সিট খালি থাকছে। ফলে ওই কোর্সের সিট কমিয়ে বাংলাদেশের কর্মক্ষেত্রের জন্য যে বিষয়গুলো পড়ানো দরকার, সেসব বিষয়ের বিভাগ খোলা প্রয়োজন বলেও মনে করে ইউজিসি।

© সমকাল 2005 - 2018

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

25/10/2018

ভর্তি পরীক্ষার প্রশ্ন ফাঁস বন্ধে বিশেষ নজরদারি প্রয়োজন

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com